গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর
www.lalpur.natore.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৪৩.৬৯৪৪.০০৩.০৩.০৪.২২-৮৭

তারিখ: ০৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

## ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রালয়ের সায়রাত-১ অধিশাখার ১৩ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২).৪৭ নং প্রজ্ঞাপনে 'উপজলো জলমহাল ব্যবস্থাপনা কমটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল' প্রকাশতি হয়ছে। 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯' অনুযায়ী ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিলের বিধান প্রবর্তন হওয়ায় লালপুর উপজেলার আওতাধীন নিম্নে বর্ণিত ২৪ (চব্বিশ) টি বদ্ধ জলমহাল বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারা আবেদন গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। সেপ্রেক্ষিতে লালপুর উপজেলা থেকে অনলাইনে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ১৪৩০ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender year) মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নে বর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

অনলাইনে আবেদন ও দাখিলের তারিখ:

| ক্র. নং | অনলাইনে আবেদনের সময়সীমা | আবেদনপত্রের প্রিন্টকপি ও জামানত দাখিলের তারিখ | আবেদনপত্র যাচাই বাছাই | আবেদনপত্র কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০৬ মাঘ থেকে ২৫ মাঘ এর মধ্যে (২০ জানুয়ারি হতে ০৮ ফেব্রুয়ারি, ২০২৩) | ২৬ মাঘ (০৯ ফেব্রুয়ারি, ২০২৩) থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | ০৬ ফাল্গুনের মধ্যে( ১৯ ফেব্রুয়ারি, ২০২৩ এর মধ্যে) | ১৫ ফাল্গুনের মধ্যে( ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ এর মধ্যে) | |

**০১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালের তালিকা**

| ক্র. নং | ইউনিয়নের নাম | জলমহলের নাম | পরিমাণ (একর) | ৫% বৃদ্ধিতে ১ বছরের ইজারা মূল্য | ৩ বছরের ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | আড়বাব | কচুয়া পুকুর -১ | ০.২৮ | ৪৩৪/- | ১৩০২/- | জলমহাল/ পুকুরের তালিকায় ভুলত্রুটি পরিলক্ষিত হলে উহা পরিবর্তন ও সংশোধন যোগ্য |
| ০২ | আড়বাব | কচুয়া পুকুর -২ | ০.১৪ | ১,৭১৫/- | ৫,১৪৫/- | |
| ০৩ | আড়বাব | কচুয়া পুকুর -৩ | ০.৫৯ | ৬,০২৯/- | ১৮,০৮৭/- | |
| ০৪ | আড়বাব | মোড়দহ পুকুর -১ | ০.৬৭ | ১২,৮৭২/- | ৩৮,৬১৬ | |
| ০৫ | আড়বাব | মোড়দহ পুকুর -৩ | ০.৩৩ | ৫,৩৯৬/- | ১৬,১৮৮/- | |
| ০৬ | আড়বাব | মোড়দহ পুকুর -৪ | ০.৪৪ | ১২,২৩৭/- | ৩৬,৭১১/- | |
| ০৭ | আড়বাব | মোড়দহ পুকুর -৫ | ০.৫৫ | ১৬,২৯৩/- | ৪৮,৮৭৯/- | |
| ০৮ | আড়বাব | মোড়দহ পুকুর -৭ | ০.৫১ | ১৬,২৩৭/- | ৪৮,৭১১/- | |
| ০৯ | আড়বাব | মোড়দহ পুকুর -১০ | ০.৬৫ | ১,৯৫৯/- | ৫,৮৭৭/- | |
| ১০ | আড়বাব | ঘাট মোড়দহ পুকুর | ০.৬৩ | ৮,৬৮৩/- | ২৬,০৪৯/- | |
| ১১ | আড়বাব | অর্জ্জুনপাড়া পুকুর-০২ | ০.৬৭ | ১,৭৭৫/- | ৫,৩২৫/- | |
| ১২ | আড়বাব | অর্জ্জুনপাড়া পুকুর-০৪ | ০.৩৫ | ৩,৫৭৫/- | ১০,৭২৫/- | |
| ১৩ | আড়বাব | চন্দনা খাল | ৭.১৬ | ১,৭৪,২১৪/- | ৫,২২,৬৪২/- | |
| ১৪ | আড়বাব | বোয়ালিয়া খাল | ২.০৯ | ৩৪,২৬৫/- | ১,০২,৭৯৫/- | |
| ১৫ | আড়বাব | চকবোয়ালিয়া পুকুর- ০১ | ৩.০৭ | ১১,৫৬৯/- | ৩৪,৭০৭/- | |
| | | | ২.২৬ | | | |
| ১৬ | দুড়দুড়িয়া | শুকুরগাড়ী পুকুর | ০.৩৭ | ৬,৯২৮/- | ২০,৭৮৪/- | |
| ১৭ | দুড়দুড়িয়া | বন্যাগাড়ী পুকুর | ০.৬২ | ৯,৫২৯/- | ২৮,৫৮৭/- | |

চলমান পাতা-২

| ক্র. নং | ইউনিয়নের নাম | জলমহলের নাম | পরিমাণ (একর) | ৫% বৃদ্ধিতে ১ বছরের ইজারা মূল্য | ৩ বছরের ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৮ | দুড়দুড়িয়া | কৈ-গাড়ী পুকুর | ১.৯৪ | ২৩,১৫৩/- | ৬৯,৪৫৯/- | |
| ১৯ | দুড়দুড়িয়া | মিরকামারী পুকুর | ২.৬৫ | ৯৮,৩৯৯/- | ২,৯৫,১৯৭ | |
| ২০ | দুড়দুড়িয়া | কাছমী পুকুর | ০.৯৪ | ১০,৯৪১/- | ৩২,৮২৩/- | |
| ২১ | বিলমাড়িয়া | উধনপাড়া পুকুর-০২ | ০.৪০ | ৪,২৫৮/- | ১২,৭৭৪/- | |
| ২২ | কদিমচিলান | ভবানীপুর পালোহারা পুকুর | ১.০০ | ১৪,৫৪৪/- | ৪৩,৬৩২/- | |
| ২৩ | চংধুপইল | ইসলামপুর খাল (বাওড়া অংশ) | ১.৬৫ | ৩,৮৬১/- | ১১,৫৮৩/- | |
| | | ইসলামপুর খাল (দিলালপুর অংশ) | ১.৩৬ | ১,৯৩১/- | ৫,৭৯৩/- | |
| ২৪ | দুয়ারিয়া | দুয়ারিয়া পুকুর-১ | ০.৩১ | ২,৮৯৫/- | ৮,৬৮৫/- | |

29/02/2026

শামীমা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালপুর, নাটোর

চলমান পাতা-৩

**শর্তাবলী:**

০১. যে সকল সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত সে সকল সমিতি নিকটবর্তী বা তীরবর্তী জলমহাল ইজারা গ্রহণের জন্য অনলাইনে (http://jm.lams.gov.bd) আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না। শর্ত থাকে যে, উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নন এমন কোন সদস্য থাকেন বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি আবেদন করার যোগ্য হবে না।

০২. প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

০৩. জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

০৪. অনলাইনে (http://jm.lams.gov.bd) দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপির সাথে আবেদন দাখিলের ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোন তফসিলী ব্যাংক হতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে) দাখিল করতে হবে। উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট **উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর**-এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫. আবেদনকারী সংগঠন/সমিতি অনলাইনে দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূলকপি মুখবন্ধ সিলগালাকৃত খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোরে দাখিল করতে হবে। সিলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৬. বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ০৩ (তিন) বছরের ইজারা মূল্যের উপর ২০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জামানত হিসাবে **উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর**-এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে। লিজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লিজপ্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।

০৭. লিজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লিজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লিজ বাতিল করা হবে, জমাকৃত লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লিজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী ১২ (বারো) বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

০৮. ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না ।

০৯. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না। পূর্বের বকেয়া থাকলে আবেদন বিবেচনা যোগ্য হবে না। কোন জলমহালের বিষয়ে বিজ্ঞ আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে সেক্ষেত্রে কার্যক্রম স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে। পূর্বের লিজ গ্রহণ করা থাকলে জরুরি ভিত্তিতে আপত্তি দিতে হবে।

১০. (ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারের সিদ্ধন্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ১ম বছরের সমুদয় রাজস্বসহ অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতার লিজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

১১. (খ) ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১লা চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরসমূহের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১লা চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১২. জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হয়ে ৩০ চৈত্র তারিখে শেষ হবে।

১৩. ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারের ১৫% ভ্যাট ও ১০% আয়কর লিজমানির সাথে প্রদান করতে হবে।

১৪. লিজগ্রহীতা 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯' এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি বিধান মেনে চলতে বাধ্য থাকবে।

১৫. জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় এ অফিস হতে জানা যাবে। পূর্বের লিজ গ্রহণ করা থাকলে (বিজ্ঞপ্তি প্রকাশের ০৩ (তিন) দিনের মধ্যে) জরুরি ভিত্তিতে উপযুক্ত প্রমাণসহ আপত্তি দিতে হবে ।

চলমান পাতা-৪

১৬. কোন ভুয়া/মিথ্যা তথ্য দাখিল করলে আবেদন বাতিল হবে।

১৭. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যে কোন আবেদনপত্র গ্রহণ বা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭/০১/২০২৩

শামীমা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালপুর, নাটোর
টেলিফোন নম্বর: ০৭৭২৫-৭৫০০১
মোবাইল নম্বর: ০১৭৬২-৬৯২১১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
লালপুর, নাটোর
www.acl.lalpur.gov.bd

স্মারক সংখ্যা: ৩১.৪৩.৬৯৪৪.০০০.২১.০০১.২২-৫৬

তারিখ: ০৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. জনাব মো. শহিদুল ইসলাম (বকুল), মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর- ১ (লালপুর- বাগাতিপাড়া) ও উপদেষ্টা, জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লালপুর, নাটোর
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৩. জেলা প্রশাসক, নাটোর
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লালপুর, নাটোর

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরিত হলো:

৬. জেলা তথ্য অফিসার, নাটোর (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
৭. মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর
৮. সহকারী কশিনার (ভূমি), লালপুর, নাটোর
৯. উপজেলা ...................................................... অফিসার, লালপুর, নাটোর
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, লালপুর থানা, নাটোর
১১. চেয়ারম্যান,লালপুর/অর্জুনপুর-বরমহাটী/ওয়ালিয়া/চংধুপইল/কদিমচিলান/দুয়ারিয়া/আড়বাব/বিলমাড়িয়া/দুড়দুড়িয়া/ঈশ্বরদী ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, লালপুর/গোপালপুর /ওয়ালিয়া/চংধুপইল/কদিমচিলান/দুয়ারিয়া/আড়বাব/বিলমাড়িয়া /দুড়দুড়িয়া/ঈশ্বরদী ইউনিয়ন ভূমি অফিস, লালপুর, নাটোর। (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো। জারি প্রতিবেদন ধার্য তারিখের পূর্বেই প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৩. সম্পাদক, ______________________________
(স্বল্প পরিসরে বিজ্ঞাপনটি ০১ (এক) দিনের জন্য প্রচার করার জন্য অনুরোধ করা হল। প্রচারান্তে ০২ (দুই) কপি বিল নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য অনুরোধ করা হল)
১৪. অফিস কপি

১৭/০১/২০২৩

দেবাশীষ বসাক
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালপুর, নাটোর